# মুক্ত শিক্ষাক্রমে স্নাতক-স্তরীয় বাংলা ভাষা ও সাহিত্য পঠন-পাঠনের কর্মশালা

আয়োজক

**মানববিদ্যা অনুষদ**

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়
সিটি ক্যাম্পাস, ডিডি ২৬, সেক্টর ১
সল্টলেক, কলকাতা ৬৪

**১৬ সেপ্টেম্বর, ২০১৫**

**One-Day Orientation Programme on BDP Bengali Counselling in ODL System**

*Organized by*
***School of Humanities***
***Netaji Subhas Open University***

সুধী

আগামী ১৬ সেপ্টেম্বর ২০১৫ নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানববিদ্যা অনুষদ বাংলা ভাষা ও সাহিত্য পঠন-পাঠন সংক্রান্ত বিষয়ে একটি কর্মশালার আয়োজন করেছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্টাডি-সেন্টারে স্নাতক স্তরীয় বাংলা ভাষা ও সাহিত্য পঠন-পাঠনে নিযুক্ত কাউন্সিলররা অংশগ্রহণ করবেন। কর্মশালায় উক্ত পাঠক্রমে পাঠদান প্রক্রিয়া সম্পর্কে আলোচনা হবে এবং মুক্ত শিক্ষাক্রমে পাঠদানের বিশেষ প্রকরণ বিষয়ে আলাপ-আলোচনা চলবে।

এই কর্মশালায় প্রতিটি স্টাডি-সেন্টারের সর্বাধিক দু'জন প্রতিনিধি অংশগ্রহণ করতে পারবেন। বিশ্ববিদ্যালয়ের স্নাতক স্তরের পঠন-পাঠনের সঙ্গে যুক্ত কাউন্সিলরদের সংশ্লিষ্ট কোঅর্ডিনেটরের সঙ্গে যোগাযোগ করে কর্মশালায় অংশগ্রহণ করতে অনুরোধ করা হচ্ছে। অন্যান্য আগ্রহী অধ্যাপক অধ্যাপিকারাও এই কর্মশালায় যোগদান করতে পারেন; তাদের নিম্নলিখিত ই-মেল ঠিকানায় আবেদন করতে হবে।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের সম্মানীয় উপাচার্য অধ্যাপক শুভশঙ্কর সরকার।

ধন্যবাদান্তে,

ড মননকুমার মণ্ডল
অ্যাসোসিয়েট প্রফেসর, বাংলা বিভাগ
কার্যনির্বাহী আধিকারিক, মানববিদ্যা বিভাগ
ই-মেল mkmnsou@gmail.com
ফোন ০৩৩-৪০৬৬-৩২১৪ এবং ৯৮০৪৩ ১৭১৪২

যোগাযোগ

ড মনোরঞ্জন গোস্বামী (mgwbnsou@gmail.com)
ড অনামিকা দাস (anamikansoubangla@gmail.com)

**১৬ সেপ্টেম্বর, ২০১৫।। সেমিনার হল।। সকাল ১০।৩০মি।।**
**সিটি ক্যাম্পাস।। ডিডি ২৬, সেক্টর ১, সল্টলেক, কলকাতা।।**
**নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়।**

## সুচি

১৬ সেপ্টেম্বর, ২০১৫
১০।৩০ নিবন্ধীকরণ

**উদ্বোধনী অনুষ্ঠান**

১১।০০ পুষ্পস্তবক প্রদান
১১।০৫ স্বাগত ভাষণ ড মনোরঞ্জন গোস্বামী, অ্যাসোসিয়েট প্রফেসর, বাংলা বিভাগ
১১।১০ কর্মশালা বিষয়ভিত্তিক প্রস্তাবনা করবেন মানববিদ্যা অনুষদের কার্যনির্বাহী আধিকারিক ড মননকুমার মণ্ডল
১১।৩০ ভাষণ অধ্যাপক অসিতবরণ আইচ, অধিকর্তা, স্টাডি সেন্টার বিভাগ
১১।৪০ ভাষণ শ্রীমতি রোকেয়া রায়, কার্যনির্বাহী পরীক্ষা নিয়ামক, নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়
১১।৫০ সভাপতির ভাষণ মাননীয় উপাচার্য, অধ্যাপক শুভশঙ্কর সরকার
১২।০০ ধন্যবাদ জ্ঞাপন ড অনামিকা দাস, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, বাংলা বিভাগ
চা-পানের বিরতি ১০ মিনিট

**প্রথম প্রায়োগিক অধিবেশন (১২।১৫-১।৩০)**

১২।১৫ স্নাতক-স্তরীয় বাংলা পাঠক্রমের পঠন-পাঠন বিষয়ক আলোচনা (বিডিপি-বাংলা পেপার ১-৮)
বক্তা ড মনোরঞ্জন গোস্বামী, অ্যাসোসিয়েট প্রফেসর, বাংলা বিভাগ (পেপার ১, ৩, ৪, ৭)
ড অনামিকা দাস, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, বাংলা বিভাগ (পেপার ২, ৫, ৬, ৮)
নিবন্ধীকৃত কাউন্সিলরদের বক্তব্য ও প্রশ্নোত্তর পর্ব (১৫ মিনিট)
সভাপতি ড মননকুমার মণ্ডল

**মধ্যাহ্ন-ভোজনের বিরতি (১.৩০ মি.—২টো)**

**দ্বিতীয় প্রায়োগিক অধিবেশন (২টো-৪টে)**

পাঠ-উপকরণ বন্টন - সর্বজিৎ চৌধুরি
কাউন্সিলরদের করণীয় সম্পর্কে বলবেন শ্রীমতী নীলাঞ্জনা চ্যাটার্জি, সহ-অধিকর্তা, স্টাডি-সেন্টার বিভাগ
প্রতিনিধিদের বক্তব্য আলোচনা
সঞ্চালক ড মনোরঞ্জন গোস্বামী
সভাপতি ড মননকুমার মণ্ডল
চা-পানের বিরতি

**সমাপ্তি অনুষ্ঠান ( ৪।১০-৪।৩০)**

শংসাপত্র প্রদান ও ধন্যবাদ জ্ঞাপন

## কর্মশালা সম্পর্কে

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় রাজ্যের একমাত্র মুক্ত বিশ্ববিদ্যালয়ই শুধু নয়, মুক্ত শিক্ষাক্রমের মাধ্যমে এই রাজ্যে একমাত্র এখানেই স্নাতক শিক্ষাক্রমের পাঠদান করা হয়ে থাকে। সারা রাজ্যে ছড়িয়ে থাকা স্টাডি সেন্টারে এই স্নাতক পাঠক্রম শিক্ষার্থীদের সামনে যথার্থ মুক্তশিক্ষার সুযোগ নিয়ে আসে। বাংলা ভাষা ও সাহিত্যের স্নাতক পাঠক্রম এমনই এক পাঠক্রম যা শিক্ষার্থীদের সামনে অন্যান্য প্রাতিষ্ঠানিক বিশ্ববিদ্যালয়ের বাংলা পঠন-পাঠনের সমান্তরাল পাঠক্ষেত্র তৈরিতে নিয়োজিত। উন্নত ও আধুনিক বাংলা স্নাতক-পাঠক্রম ও উন্নত মানের পাঠ-উপকরণ এই মুক্তশিক্ষার ক্ষেত্রকে উপযোগী করে তুলেছে। দূরশিক্ষা পর্ষৎ-এর প্রচলিত ও প্রণালীকৃত প্রকরণ অনুযায়ী এই সিলেবাস ও স্ব-শিক্ষা উপযোগী পাঠ-উপকরণ শিক্ষার্থীদের সামনে আরও স্পষ্টভাবে বোধগম্য করার দায়ও ব্যক্তিগত স্তরে শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষকদের নিয়ন্ত্রিত ও সীমিত যোগাযোগের ক্ষেত্র প্রস্তুত করার মধ্যে দিয়ে মুক্ত বিশ্ববিদ্যালয় গ্রহণ করে। মুক্তশিক্ষার পরিভাষায় একে পার্সোনাল কন্ট্যাক্ট প্রোগ্রাম বলে অভিহিত করা হয়। স্নাতক স্তরে এই গুরুত্বপূর্ণ শিক্ষাদানের কাজটি করে থাকে সংশ্লিষ্ট স্টাডি সেন্টারের নির্ধারিত শিক্ষকবৃন্দ। বর্তমানের বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী এই শিক্ষকদের নিযুক্ত করার দায়িত্ব উক্ত স্টাডি সেন্টারের নির্ধারিত শিক্ষকবৃন্দ। বর্তমানের বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযাযী এই শিক্ষকদের নিযুক্ত করার দায়িত্ব উক্ত স্টাডি সেন্টারের পরিচালকের ওপর বর্তেছে। ফলত মুক্তশিক্ষার পাঠক্রমে বিশ্ববিদ্যালয়ের স্থিরীকৃত বিষয়ভিত্তিক পাঠদান পরিকল্পনা তাঁদের নির্দিষ্ট সময়ে জ্ঞাত করার প্রয়োজন থাকে। এই প্রয়োজন থেকেই বাংলা স্নাতক স্তরের কাউন্সিলরদের ওরিয়েন্টশন প্রোগ্রাম বা উজ্জীবনী কর্মশালা আয়োজনের উদ্যোগ নেওয়া বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ ও স্কুল অব হিউম্যানিটিসের দায়িত্ব।

প্রাথমিকভাবে কলকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে অবস্থিত বিশ্ববিদ্যালয়ের স্টাডি সেন্টারে নিযুক্ত কাউন্সিলরদের নিয়ে এই প্রোগ্রাম করা হবে; পরবর্তীতে রাজ্যের অন্য স্টাডি সেন্টারে তা করার পরিকল্পনা থাকছে। যে-সমস্ত স্থায়ী ও অস্থায়ী শিক্ষকগণ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্নাতক স্তরের বাংলা ভাষা ও সাহিত্য পঠন-পাঠনের সঙ্গে যুক্ত আছেন তাদেরই এই কর্মশালায় অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হচ্ছে। স্টাডি সেন্টারের তত্ত্বাবধায়ক কোঅর্ডিনেটর মহাশয়ের অনুমতি ও প্রত্যয়িত আবেদনপত্র নিয়ে নিম্নলিখিত ই-মেল ঠিকানায় পাঠাতে হবে।

**যে সমস্ত স্টাডি-সেন্টারের কাউন্সিলরদের এই প্রোগ্রামে আহ্বান করা হচ্ছে :**

A-01, to A-8, A-10, B-05, B-08, to B-10, C-04, C-05, C-07 to C-09, D-02, D-03, E-05 to E-10, F-04, F-06, F-09, F-10, to G-10, H-10, to H-04, H-07, H-10, I-07, I-09, I-10, J-02, J-03, J-04, J-05, J-06, J-07, K-01,

উপরোক্ত স্টাডি সেন্টারগুলি থেকে সর্বাধিক ৩ জনের নাম পাঠানোর অনুরোধ থাকছে। স্টাডি সেন্টার কোঅর্ডিনেটর-এর মাধ্যমে কর্মশালায় অংশগ্রহণের আবেদন করা আবশ্যিক।

যে-কোনো স্থায়ী ও অস্থায়ী (সরকার অনুমোদিত শংসাপত্রের প্রত্যয়িত নকল সহ আবেদন করতে হবে) শিক্ষক যিনি বিশ্ববিদ্যালয়ের কোনে পাঠকেন্দ্রে স্নাতক স্তরের বাংলা ভাষা ও সাহিত্য পঠন-পাঠনের সঙ্গে যুক্ত, তিনিই আবেদন করতে পারবেন।

## কর্মশালার আলোচ্য বিষয়

১। স্নাতক পাঠদানের প্রক্রিয়াকে বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত পরিকল্পনা অনুযায়ী যথাযথভাবে সম্পন্ন হওয়াকে নিশ্চিত করা। ২। মুক্তশিক্ষার আদর্শকে সামনে রেখে পাঠ-উপকরণকে যথাযথভাবে শিক্ষার্থীর সামনে তুলে ধরার পরিকল্পনা করা। ৩। পাঠ-উপকরণ কীভাবে শিক্ষার্থীরা পড়বেন তার গঠনমূলক আলোচনা করা। ৪। কাউন্সিলরদের পাঠদানের সময় কী অসুবিধে হচ্ছে সে সম্পর্কে ধারণা তৈরি করা। ৫। পাঠ-উপকরণের ত্রুটি-দুর্বলতা চিহ্নিত করা। ৬। অ্যাসাইনমেন্ট রচনা ও মূল্যায়নের বিষয়ে বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা কাউন্সিলরদের জানানো এবং তাঁদের কাছ থেকে এবিষয়ে সমস্যার কথা শোনা। ৭। শিক্ষার্থীদের পরীক্ষার প্রস্তুতির বিষয়ে আলোচনা করা।